ফাতওয়া নাম্বার: ৫১২ প্রকাশকাল: ২৮-১১-২০২৪ ইং

মোজার উপর মাসহের মেয়াদ কখন থেকে শুরু হয়?

প্রশ্ন:

মোজার উপর মাসহের নির্ধারিত যে সময়সীমা রয়েছে, তার শুরু কখন থেকে ধর্তব্য হবে? মোজা পরিধানের পর থেকে? না, মোজা পরিধানের পর প্রথমবার অযু ভাঙ্গার পর থেকে? না, প্রথমবার মাসেহ করার পর থেকে?

-আবদুল গনী

بسم الله الرحمن الرحيم

حامدا ومصليا ومسلما وبعد!

উত্তর:

মোজা পরিধানের পর প্রথমবার যখন অযু ভাঙ্গবে, তখন থেকে মাসহের নির্ধারিত মেয়াদ শুরু হবে। মনে করুন, আপনি সকাল ৬টায় অযু করেছেন। অযু থাকা অবস্থায় মোজা পরিধান করেছেন সকাল ৭টায়। অযু ভেঙ্গেছে সকাল ৮টায়। এক্ষেত্রে আপনি মুকিম হলে পরদিন সকাল ৮টায় আপনার মোজার উপর মাসহের মেয়াদ শেষ হবে। -ফতোয়া শামি, দারুল ফিকর: ১/২৭১, বাদায়েউস সানায়ে, দারুল কুতুবিল

ইলমিয়াহ: ১/৮; মাজমাউল আনহুর, দারু ইহইয়াইত তুরাস: ১/৪৬; ফতোয়া সাইট, দারুল ইফতা, জামিয়া ইসলামিয়া বিন্নূরি টাউন, ফতোয়া নং ১৪৪২০৫২০১২৬৪

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)
২৫-০৫-১৪৪৬ হি.
২৮-১১-২০২৪ ঈ.